# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 20-09-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাট থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দরে একটি নতুন কন্টেনার টার্মিনালের উদ্বোধন করবেন।

২) রাজ্যে ভোটার তালিকায় ১৩ হাজারের বেশি শতায়ু ভোটার সম্পর্কে বিস্তারিত তথ্য চেয়েছে নির্বাচন কমিশন।

এদিকে, রাজ্যে , যোগ্য স্থায়ী কর্মী থাকা সত্ত্বেও তৃণমূল কংগ্রেস নেতাদের BLO পদে নিয়োগের অভিযোগ সম্পর্কে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

৩) দুর্গাপুজোর দিনগুলিতে সাধারণ মানুষের নিরাপত্তায় কলকাতা পুলিশ বিশেষ মোবাইল অ্যাপ চালুর সিদ্ধান্ত নিয়েছে।

৪) আগামীকাল মহালয়া, পিতৃপক্ষের অবসান।

৫) মহালয়ায় আকাশ পরিস্কার থাকলেও পুজোয় এবার বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

৬) কলকাতা ফুটবল লিগের গত মরসুমে চ্যাম্পিয়ন  ইস্টবেঙ্গল।

ooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাট থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যে কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দরে একটি নতুন কন্টেনার টার্মিনালের উদ্বোধন করবেন। 'সমুদ্র থেকে সমৃদ্ধি' অনুষ্ঠানে যোগ দিয়ে, গুজরাটের ভাবনগরে ৩৪ হাজার ২০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি।

এদিকে, শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর ও গাডেনরিচ শিপ বিল্ডার্স, রাজ্যের নতুন জাহাজ নির্মাণ কারখানা তৈরির লক্ষে চুক্তিবদ্ধ হয়েছে। ভাবনগরে গতকাল কেন্দ্রীয় জাহাজমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল ও প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের উপস্থিতিতে বিভিন্ন সরকারী, বে-সরকারী ও আন্তর্জাতিক সংস্থার মধ্যে ২৭-টি সমঝোতাপত্র মৌ স্বাক্ষরিত হয়। এর অঙ্গ হিসেবে রায়চকের কাছে কলকাতা বন্দরের সাড়ে ৩১ একর জমি ব্যবহার করে নতুন ওই কারখানাকে গ্রীণ ফিল্ড প্রকল্প হিসেবে গড়ে তোলা হবে।

কলকাতা বন্দর সূত্রে জানা গেছে, কারখানা নির্মাণের প্রয়োজনীয় জমি বন্দর কর্তৃপক্ষ বিনা মূল্যে রাষ্ট্রায়ত্ব সংস্থা গার্ডেনরিচ শিপ বিল্ডার্সকে দেবে। জাহাজ নির্মাণ কারখানা তৈরির প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করবে গার্ডেনরিচ শিপ বিল্ডার্স। পরে উৎপাদন শুরু হলে নির্দিষ্ট হারে লভ্যাংশ ভাগাভাগি হবে। গার্ডেনরিচ ৮৫ এবং বন্দর পাবে ১৫ শতাংশ।

oooooooooooooooooooooooo

সেবা ও সুশাসনের ভাবনায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের অগ্রগতি এবং রূপান্তরের লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। সেবা পর্বের বিশেষ সিরিজে আজ, আমরা তুলে ধরব কিভাবে মোদী সরকার সবার কল্যাণে স্বাস্থ্য পরিষেবাকে শক্তিশালী করে তুলেছে এবং উন্নত মানের স্বাস্থ্য পরিষেবার সুফল যাতে সবাই পান তা নিশ্চিত করেছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার মোহনপুরের বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে গতকাল “কৃষিতে স্থায়িত্ব, উৎপাদনশীলতা ও সবুজ বৃদ্ধি” শীর্ষক জাতীয় সম্মেলনের আয়োজন করা হয়। এছাড়াও শিক্ষার্থীদের অমৃত ইন্টার্নশিপ প্রোগ্রামের উদ্বোধন হয়। নতুন দিল্লির আইপিএল ফাউন্ডেশনের সহযোগিতায় এই সম্মেলনে কৃষি বিশেষজ্ঞরা স্থায়ী কৃষি, জলবায়ু পরিবর্তন, অভিযোজন এবং সম্পদ সংরক্ষণের গুরুত্ব তুলে ধরেন।

উপাচার্য ড. অশোক কে. পাত্র কৃষিতে পটাশিয়ামের গুরুত্ব এবং সবুজ ভবিষ্যতের জন্য ছাত্রদের সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানান দুই দিনের এই কর্মসূচিতে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পণ্য পরিষেবা কর এর পরিবর্তিত হারে কৃষি উপকরণ ও যন্ত্রাংশগুলোর উপর GST হার কমানোর কথা ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সিতারামন গত বৃহস্পতিবার কলকাতায় এক অনুষ্ঠানে বলেন,

এই পরিবর্তনের ফলে কৃষকদের উৎপাদন খরচ কমে আসবে। তাই নতুন এই পরিবর্তনের সময় দেশের কৃষক দের কথা ভাবা হয়েছে।

(বাইট – সিতারামন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটার তালিকায় ১৩ হাজারের বেশি শতায়ু ভোটার রয়েছেন। এদের সম্পর্কে বিস্তারিত তথ্য চেয়েছে নির্বাচন কমিশন। প্রাথমিক সমীক্ষায় অনুমান এই

ভোটারদের অন্তত অর্ধেক বর্তমানে জীবিত নেই। অথচ তাদের নাম ভোটার তালিকায় রয়ে গিয়েছে।

সরেজমিনে খতিয়ে দেখে কমিশন শতায়ু ভোটারদের নতুন তালিকা তৈরি করার নির্দেশ দিয়েছে। ইআরও রা সংশ্লিষ্ট ভোটারদের সম্পর্কে তথ্য সংগ্রহ করে যে রিপোর্ট দেবেন, তার ভিত্তিতেই শতায়ু ভোটারদের নতুন তালিকা তৈরি করা হবে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল জানিয়েছেন সারাদেশেই মোতায়েন ভোটারদের তালিকা বিশেষভাবে তৈরি করতে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে। তার ভিত্তিতে পশ্চিমবঙ্গেও একই উদ্যোগ নেওয়া হচ্ছে।

oooooooooooooooooooooooo

এদিকে, যোগ্য স্থায়ী কর্মী থাকা সত্ত্বেও তৃণমূল কংগ্রেসের নেতাদের বিএলও পদে নিয়োগ করা হচ্ছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগের প্রেক্ষিতে তদন্তের নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ।

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন বিরোধী দলনেতা কমিশনের কাছে সরকারি ভাবে অভিযোগ জমা না দিলেও এক্স হ্যান্ডেলে যে পোস্ট করেছেন তা তাঁদের গোচরে এসেছে। তার ভিত্তিতেই উত্তর ২৪ পরগণার জেলাশাসকের কাছে রিপোর্ট তলব করা হয়েছে। অভিযোগের সত্যতা প্রমাণ হলে নিয়মমাফিক ব্যবস্থা নেওয়া হবে।

oooooooooooooooooooooooo

বাঁকুড়ার খাতড়া ব্লকের গোড়াবাড়ি গ্রাম পঞ্চায়েতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন গতকাল সুস্থ নারী ও শক্তিশালী পরিবার কর্মসূচি এবং অষ্টম রাষ্ট্রীয় পোষণ মাস প্রকল্পের আওতায় এক অনুষ্ঠানের

আয়োজন করে। এই অনুষ্ঠানে শতাধিক মা, প্রসূতি ও শিশুরা উপস্থিত ছিলেন। পুষ্টি মাসে প্রকল্পগুলির সম্বন্ধে গর্ভবতী মায়েদের সহ মানুষজনকে সচেতন করা হয়।

ooooooooooooooooooooooo

আজ শুনবেন বিশেষ আলোচনা সুস্থ নারী ও মজবুত পরিবার। দেপাড়া ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র-এর রাষ্ট্রীয় বালস্বাস্থ্য কার্যক্রম-এর মেডিকেল অফিসার ও অখিল ভারতীয় আয়ুর্বেদ মহাসম্মেলন-এর পশ্চিমবঙ্গ রাজ্য সমন্বয়ক আয়ুর্বেদ চিকিৎসক ডাঃ সুমিত সুর-এর সঙ্গে কথা বলবেন সুস্মিতা মণ্ডল।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮টায় গীতাঞ্জলী ও ডিটি এইচ বাংলা পরিষেবায়।

oooooooooooooooooooooo

আসন্ন দুর্গাপুজোর দিনগুলিতে সাধারন মানুষের নিরাপত্তায় কলকাতা পুলিশ একটি বিশেষ মোবাইল অ্যাপ চালুর সিদ্ধান্ত নিয়েছে। পুলিশ কমিশনার মনোজ ভার্মা আজ একথা জানিয়েছেন। দু-এক দিনের মধ্যেই এই অ্যাপ কার্যকরী হবে এবং পুজো প্যান্ডেলে প্রবেশ ও প্রস্থান সহ নানা তথ্য এর মাধ্যমে জানা যাবে।

মন্ডপের আশেপাশে কোন পুজো আছে কিনা, তার ঠিকানা ও ফোন নম্বর'ও পাওয়া যাবে এই অ্যাপে।

oooooooooooooooooooooooo

পুজোর দিনগুলিতে যে কোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে রাজ্য পুলিশ একাধিক সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহন করেছে।

এডিজি আইনশৃঙ্খলা জাভেদ শামিম গতকাল কলকাতায় বলেন আগামীকাল মহালয়ার দিন থেকেই রাজ্যের বিভিন্ন অংশে পুলিশ মোতায়েন করা হবে।

সব জেলায় প্রায় ১৫ হাজার পুলিশ কর্মী ছাড়াও অন্যান্য বাহিনী প্রস্তুত রাখা হচ্ছে। ভিড় নিয়ন্ত্রনে অতিরিক্ত হোমগার্ড, এনসিসি, সিভিক ভলান্টিয়ার ও স্থানীয় যুবকদের কাজে লাগানো হবে।

এছাড়াও পুজোর পরে জেলায় জেলায় কার্নিভালগুলির উপরে অতিরিক্ত নজর রাখা হবে বলে জাভেদ শামিম জানিয়েছেন।

ooooooooooooooooooooooo

আগামীকাল মহালয়া, পিতৃপক্ষের অবসান। ভোরে আকাশবাণী কলকাতা থেকে ঐতিহ্যবাহী মহিষাসুর মর্দিনী প্রচারের মধ্যে দিয়ে আকাশে বাতাসে ধ্বনিত হবে দেবী দুর্গার আগমনবার্তা। গঙ্গা সহ বিভিন্ন নদ নদী ও জলাশয়ের ঘাটে চলবে পিতৃ পুরুষের উদ্দেশে তর্পণ ।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মহালয়ার আগে আজই পুজোর উদ্বোধন শুরু করবেন। তিনি শ্রীভূমি স্পোর্টিং ক্লাবের পুজোর সূচনা করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

আগামীকাল মহালয়ার দিন দক্ষিন কলকাতার নজরুল মঞ্চে এক অনুষ্ঠান থেকে তার একাধিক পুজো উদ্বোধনের কর্মসূচী রয়েছে।

ooooooooooooooooooooooo

মহালয়ায় আগামীকাল আকাশ মোটামুটি পরিষ্কার থাকলেও পুজোয় এবার দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

উত্তর আন্দামান সাগরে বায়ুস্তরের উপরিভাগে একটি ঘূর্ণাবর্ত রয়েছে। এর ফলে আগামী সোম / মঙ্গলবার ২২-২৩ তারিখ নাগাদ দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

( বাইট - হাবিবুর)

(বৃহস্পতিবার ২৫ শে সেপ্টেম্বর  ওড়িশা উপকূলে নিম্নচাপ তৈরির  সম্ভাবনা রয়েছে বলে  দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। ওই নিম্নচাপের গতিপ্রকৃতির ওপরেই নির্ভর করবে পুজোর আবহাওয়া।

তিনি জানান, ২৬ সেপ্টেম্বর  থেকে ২৯ তারিখ পর্যন্ত উপকূলবর্তী  সহ  দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা । অক্টোবরের এক দু তারিখ থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। তবে উত্তরবঙ্গে বৃষ্টি পরিমাণ কম থাকবে।)

এদিকে উত্তরবঙ্গের  ৫ টি জেলাতেই  আজ ভারী বৃষ্টির সম্ভাবনা । স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে দক্ষিণ বঙ্গের জেলা গুলিতে বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

oooooooooooooooooooooo

মহালয়ার দিন আগামীকাল কলকাতা মেট্রোর ব্লু লাইনে পরিষেবা বৃদ্ধি করা হচ্ছে। অন্যান্য রবিবার সাধারণত ১৩০-টি মেট্রো পরিষেবা দেওয়া হলেও আগামীকাল ৯১-টি আপ ও ৯১-টি ডাউন সহ মোট ১৮২-টি পরিষেবা দেওয়া হবে। ওই দিন ডাউন অভিমুখে প্রথম পরিষেবা নোয়াপাড়া থেকে ৬-টা ৫০ মিনিটে এবং দক্ষিণেশ্বর ও দমদম থেকে সকাল ৬-টা ৫৫ মিনিটে পাওয়া যাবে। আপ অভিমুখে প্রথম পরিষেবা মহানায়ক উত্তরকুমার  থেকে সকাল ৬-টা ৫৫ মিনিটে ও শহীদ ক্ষুদিরাম থেকে ৬-টা ৫৪ মিনিটে পাওয়া যাবে। তবে, শেষ  পরিষেবার সময় সূচী অপরিবর্তিত থাকবে বলে মেট্রো রেল সূত্রে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য দমদম জংশন স্টেশন সীমানায় আজ (20.09.2025) রাত ১১ টা থেকে আগামীকাল  (21.09.2025) ভোর ৫ টা পর্যন্ত ৬ ঘণ্টা ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারনে আজ উত্তরবঙ্গ থেকে শিয়ালদাগামী দুটি এক্সপ্রেস ট্রেনের যাত্রাপথের পরিবর্তন করা হচ্ছে। বামনহাট - শিয়ালদা উত্তরবঙ্গ

এক্সপ্রেস এবং হলদিবাড়ি - শিয়ালদা দার্জিলিং মেল ডানকুনি - দমদম জংশনের পরিবর্তে ব্যান্ডেল - নৈহাটি - দমদম হয়ে চলবে। এবং বামনহাট - শিয়ালদা উত্তরবঙ্গ এক্সপ্রেস বেলঘরিয়া স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

এদিকে, ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য ব্যান্ডেল - কাটোয়া শাখায় ধাত্রীগ্রাম - অম্বিকা কালনা - গুপ্তিপাড়ার মধ্যে আজ থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত ট্র্যাফিক ব্লক থাকবে। সেই কারণে আপ ও ডাউন ব্যান্ডেল - কাটোয়া লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooooo

কলকাতা ফুটবল লিগের গত মরসুমে চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল। ইস্টবেঙ্গলকে চ্যাম্পিয়ন ঘোষণার ক্ষেত্রে আইএফএ কে কোনও বাধা দেওয়া যাবে না বলে কলকাতা হাই কোর্ট গতকাল নির্দেশ দেয়। এর ফলে তাদের চ্যাম্পিয়ন ঘোষণার ক্ষেত্রে আইএফএ-র আর কোনও বাধা রইল না। ।

হাইকোর্টের বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্য গতকাল জানান, জেলা আদালত ডায়মন্ড হারবার ফুটবল ক্লাবের আবেদনে যে অন্তর্বর্তি নিষেধাজ্ঞা জারি করেছিল, তা বাতিল করা হল।

ooooooooooooooooo

হরিদেবপুর গণধর্ষণ কান্ডে ধৃত মূল অভিযুক্ত দেবাংশু বিশ্বাসকে গতকাল আলিপুর আদালতে তোলা হয়। তাকে এমাসের ২২ তারিখ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, বৃহস্পতিবার মধ্যরাতে পুলিশ দেবাংশুকে দেশপ্রিয় পার্ক এলাকা থেকে গ্রেপ্তার করে। রিজেন্ট পার্ক এলাকার বাসিন্দা এই তরুণ গত ৫'ই সেপ্টেম্বর গণধর্ষণের পর থেকেই পলাতক ছিল।

এই ঘটনায় পুলিশ আগেই চন্দন নামে আরেক অভিযুক্তকে গ্রেপ্তার করে। ৫'তারিখ জন্মদিনের পার্টিতে ওই তরুণীকে গণধর্ষণ করা হয় বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য মহিলা কমিশনের তিন সদস্যের এক প্রতিনিধি দল গতকাল পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ায় নির্যাতিতা মহিলার বাড়িতে যান। তাঁর সঙ্গে কথা বলার পাশাপাশি হাসপাতালের সুপারের সঙ্গেও কথাবার্তা বলেন তারা। রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায় পরে সাংবাদিকদের বলেন, নির্যাতিতা কেন আগে এসংক্রান্ত অভিযোগ জানাননি, কমিশনের তরফে তা জানতে চাওয়া হয়েছে। এধরনের নির্যাতনের বিরুদ্ধে মহিলাদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

নির্যাতিতা সাংবাদিকদের জানান, মহিলা কমিশন তার পাশে থাকার ও ন্যায় বিচার সুনিশ্চিত করার আশ্বাস দিয়েছেন।

উল্লেখ্য, পাঁশকুড়া হাসপাতালে সম্প্রতি এক মহিলা স্বাস্থ্য কর্মীর ধর্ষণের ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০